# Times Today BD

শরিফুল ইসলাম | দেশজুড়ে | 28 April, 2025

গাজীপুরের গ্যাস লিকেজ থেকে বিস্ফোরণে শিশুসহ ৫ জন দগ্ধের ঘটনায় সিমা নামে একজন চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন।

ইনস্টিটিউটের আবাসিক চিকিৎসক জানান, সিমার শরীরের ৯০ শতাংশ দগ্ধ হয়েছিল।রাতেই তাকে এইচডিইউ রাখা হয়েছিল।সোমবার সকালে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে তিনি মারা যান।

রোববার সন্ধ্যায় গাজীপুরের বাসন এলাকার একটি বাসায় রান্নার সময় গ্যাস লিকেজ থেকে বিস্ফোরণ ঘটে।এতে সিমা ছাড়াও দগ্ধ হন দুই শিশুসহ আরও ৪ জন।শরীরে ২৮ থেকে ৯৫ শতাংশ পর্যন্ত দগ্ধ নিয়ে তারাও ভর্তি রয়েছেন বার্ন ইনস্টিটিউটে।

গাজীপুর বিস্ফোরণ ইনস্টিটিউট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:30

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758071552